NEWSLETTER
JUNE 2025

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)
BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)

বিআইপি নিউজলেটার

জুন ২০২৫ সংখ্যা

নির্বাহী সম্পাদক ঃ

পরিকল্পনাবিদ হোসনে আরা, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন), বিআইপি

সম্পাদনা পরিষদ ঃ

পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সাধারণ সম্পাদক, বিআইপি

সংবাদ সংগ্রহ ও গবেষণাঃ

মোঃ সাজ্জিব হোসেন, গবেষণা কর্মকর্তা, বিআইপি

মুহাম্মদ ফারদীন খান, গবেষণা কর্মকর্তা, বিআইপি

মোঃ সাজ্জাদ হোসেন, গবেষণা কর্মকর্তা, বিআইপি

বিপাশা আক্তার, গবেষণা কর্মকর্তা, বিআইপি

প্রচ্ছদঃ

নিয়ামুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, বিআইপি

সম্পাদকীয়

বিআইপি সংবাদ

- বিআইপির প্রতিনিধি দলের আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এর জমি পরিদর্শন;
- বিআইপির বার্ষিক সাধারণ সভা ২০২৪ অনুষ্ঠিত;
- হাতিরঝিল ও পান্থকুঞ্জ ধ্বংস করে এফডিসি থেকে পলাশী পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের সংযোগ সড়ক বাতিলের দাবিতে আয়োজিত নাগরিক সংলাপ;
- বিআইপি, খুলনা সিটি কর্পোরেশন এবং ব্র্যাক-নগর উন্নয়ন কর্মসূচী প্রতিনিধিদের মধ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত;
- বিআইপির বার্ষিক বনভোজন;
- বিআইপির রুয়েট স্টুডেন্ট চ্যাপ্টারের প্রতিনিধিগণ কর্তৃক রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বরাবর স্বারকলিপি জমা;
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন;
- "Detailed Area Plan of Dhaka City (2022-35) and Building Construction Rules 1996 & 2008" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত;
- প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই) এর প্রতিনিধি দলের বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) প্রতিনিধি দলের সাথে সাক্ষাৎ ;
- "ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার সংশোধনে জনস্বার্থ, পরিবেশ ও বাসযোগ্যতার সংকট" শীর্ষক নাগরিক সংলাপ;
- বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর প্রতিনিধি দলের কুয়েট ইউআরপি বিভাগ কর্তৃক আয়োজিত Plannation 3.0 এ অংশগ্রহণ;
- "How to Publish Research Articles in Academic Journals" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত;
- সেন্টার ফর পলিসি ডায়ালগ এর চেয়ারম্যান মহোদয়ের সাথে বিআইপির সৌজন্য সাক্ষাত;
- বিআইপির উদ্যোগে 'প্ল্যানার্স ক্রিকেট ফেস্টিভ্যাল ২০২৫' অনুষ্ঠিত;
- রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম ইউআরপি প্ল্যানার্স রিইউনিয়ন এবং প্ল্যানিং কার্নিভাল ২০২৫ অনুষ্ঠিত;
- "Green & Resilient Buildings" শীর্ষক পাবলিক সেশন অনুষ্ঠিত;
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র সকল ভাষা শহীদদের প্রতি বিআইপির বিনম্র শ্রদ্ধা;
- আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এবং বিআইপির যৌথ উদ্যোগে গাজীপুরে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন ;
- Alliance Francaise de Dhaka 'র উদ্যোগে "Learning from Puran Dhaka" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত;
- "Professional Training on Building Approval Process in Pourashava, City Corporations & Upazillas" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত;
- বিআইপির ইফতার মাহফিল ২০২৫ অনুষ্ঠিত;
- "Bangladesh Urban Living Lab: Green Development and Urban Planning: Enhancing Skills for Sustainable Jobs" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত;
- "ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) সংশোধনের উদ্যোগ: হুমকির মুখে ঢাকার বাসযোগ্যতা" শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত;
- "গোষ্ঠীস্বার্থে বারবার ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার পরিবর্তনঃ জনস্বার্থ, ও বাসযোগ্যতার বিপন্নতা এবং নাগরিকের করণীয়" শীর্ষক 'সংবাদ সম্মেলন' অনুষ্ঠিত;

- "বাংলাদেশে স্থানিক পরিকল্পনার চর্চা এবং করণীয়" বিষয়ক সেমিনার এবং পরিকল্পনা পেশায় অর্জনের স্বীকৃতি স্বরূপ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক-কে বিআইপির পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা' প্রদান অনুষ্ঠান;
- বিআইপি কর্তৃক বৈশাখী উৎসব ১৪৩২ আয়োজন;
- নগর গবেষণা কেন্দ্রের গবেষণা সম্পদ বিআইপি-তে হস্তান্তরের প্রস্তাব ও "Preliminary Housing Concepts: Perspectives on Bangladesh" গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান;
- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে বিআইপি'র ১৬তম নির্বাহী পরিষদ সৌজন্য সাক্ষাত অনুষ্ঠিত;
- "পরিকল্পনা সংশ্লিষ্ট প্রকল্পসমূহে পরামর্শক সেবা বিষয়ক পর্যালোচনা ও সুপারিশমালা প্রণয়ন" সংক্রান্ত গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত;
- "Improvement of Design and Construction Quality for Resilience of Private Building"- শিরোনামে জাইকার কারিগরী সহযোগিতা প্রকল্পে বিআইপি ও রাজউকের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত;
- পরিকল্পনা বিভাগে বিআইপির গবেষণা প্রতিবেদন উপস্থাপন: জনস্বাস্থ্য ও নগর পরিকল্পনার সমন্বয়ের ওপর জোর;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Just Transition in Bangladesh" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Housing: Leaving No One Behind" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Megacities in Transition-Planning Challenges and Opportunities" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban Governance and Infrastructure Development in Bangladesh- Lessons Learnt, Challenges Faced & Way Forward" শীর্ষক উচ্চপর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Urban, Regional and Rural Development: Agenda for Reform Towards Transition" শীর্ষক উচ্চ পর্যায়ের পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Accessible and Pro-People Transportation and Mobility" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban Planning and Management: Sustainable, Just and Equitable Cities" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Safety and Livability in Cities" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Slum Upgrading and Land Regularization: Participatory Pathways to a Just Urban Transition" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "পরিকল্পিত বাংলাদেশ এবং নগর, অঞ্চল ও গ্রামীণ এলাকার বৈষম্যহীন উন্নয়ন: রাজনৈতিক অঙ্গীকার ও আগামীর পথনকশা" শীর্ষক উচ্চপর্যায়ের পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Landscape Approach Integrating Water Management for Future-Proof City" শীর্ষক উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত;

- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban-Peri Urban Agriculture in Changing Climatic Condition" শীর্ষক উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Climate Change and Ecosystem Service" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Rethinking Planning and Governance: National to Local" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Regional, Special and Local Areas" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Equity and Inclusion for Development and Community Engagement" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত;
- বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের আনুষ্ঠানিক সমাপণী;
- বিআইপির উদ্যোগে "Comprehensive Traffic Modelling" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত;
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ;
- বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই বাংলাদেশ চ্যাপ্টার) এর যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী "Project Management for Planning Professionals" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা;
- "সম্পাদনা নীতিমালা ও কার্যপ্রবাহ শক্তিশালীকরণ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত;

- ▶ বিআইপি Student Chapter পরিচিতি
- ▶ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) ১৬তম কার্যনির্বাহী পরিষদ পরিচিতি
- ▶ মিডিয়া কাভারেজ

সম্পাদকীয়

প্রিয় পরিকল্পনাবিদ,

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র পক্ষ থেকে আন্তরিক সালাম এবং শুভেচ্ছা জানাচ্ছি। বিআইপির ১৬তম কার্যনির্বাহী পরিষদের পক্ষ থেকে আপনাদের হাতে বিআইপি নিউজলেটার জুন ২০২৫ সংখ্যা তুলে দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। বিআইপি নিউজলেটার আমাদের একটি নিয়মিত প্রকাশনা, যা প্রতি ছয় মাস অন্তর প্রকাশিত হয়। এবারের সংখ্যায় জানুয়ারি ২০২৫ থেকে জুন ২০২৫ পর্যন্ত আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান এবং ঘটনার সংকলন রয়েছে।

পেশাজীবী সংগঠন হিসেবে বিআইপি পরিকল্পনা পেশার উৎকর্ষ সাধনে দায়বদ্ধ। প্রবীণ পরিকল্পনাবিদদের অভিজ্ঞতা এবং নবীন পরিকল্পনাবিদদের উদ্যমকে পাথেয় করে সময়ের পরিক্রমায় বাংলাদেশে পেশা হিসেবে নগর পরিকল্পনা চূড়ান্ত উৎকর্ষতা লাভ করবে বলে আমরা বিশ্বাস করি। সকলের সার্বিক সহযোগিতা ও অংশগ্রহণে নতুন সৃজনশীল কর্মসূচীর মাধ্যমে বিআইপির অগ্রযাত্রা অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে পরিকল্পনাবিদদের কর্মদক্ষতাকে আরও ভালোভাবে কাজে লাগানোর জন্য সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করবে বলে বিআইপি বিশ্বাস করে।

বর্তমানে প্রতিবছর সাতটি বিশ্ববিদ্যালয় থেকে নবীন পরিকল্পনাবিদ কর্মক্ষেত্রে প্রবেশ করছে এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে সুনামের সাথে কাজ করছেন। প্রবীণ পরিকল্পনাবিদদের অভিজ্ঞতা এবং নবীন পরিকল্পনাবিদদের উদ্যমকে একত্রিত করে, আমরা বিশ্বাস করি যে ভবিষ্যতে নগর পরিকল্পনা পেশা আরও সফলতা ও স্বীকৃতি অর্জন করবে এবং বাংলাদেশের নগর পরিকল্পনার মান আরও উন্নত হবে।

নিউজলেটারের অনাকাঙ্ক্ষিত ভুলত্রুটি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য আন্তরিকভাবে অনুরোধ রইলো।

ধন্যবাদান্তে,

বিআইপি'র ১৬-তম কার্যনির্বাহী পরিষদের পক্ষে

পরিকল্পনাবিদ হোসনে আরা
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স

বিআইপির প্রতিনিধি দলের আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এর জমি পরিদর্শন

০৩.০১.২০২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এর মধ্যে একটি সমঝোতা স্মারক গত ২৪ আগস্ট ২০২৪ স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকের আলোকে ট্রাস্ট এর সকল স্থাবর, অস্থাবর সম্পত্তি দেখাশোনা, রক্ষাণাবেক্ষণ ও উন্নয়নের দায়িত্ব বিআইপির উপর ন্যাস্ত করা হয়।

এরই ধারাবাহিকতায় বিআইপির একটি প্রতিনিধিদল বিগত ৩ জানুয়ারি ২০২৫ (শুক্রবার) তারিখে ট্রাস্ট এর সকল স্থাবর, অস্থাবর সম্পত্তি সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ট্রাস্টের প্রতিনিধিগণ বিআইপির সদস্যদের ট্রাস্টের সম্পত্তির বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত করেন এবং সম্পত্তি সমূহ পরিদর্শন করে দেখান।

পরিদর্শনের সময় বিআইপির পক্ষ থেকে প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, সাবেক সভাপতি ও উপদেষ্টা পরিষদ সদস্য পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আকতার মাহমুদ, উপদেষ্টা পরিষদের সদস্য সচিব পরিকল্পনাবিদ সালমা এ. শফি, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং ট্রাস্টের পক্ষে উপস্থিত ছিলেন জনাব রেজা করিম খান।

বিআইপির বার্ষিক সাধারণ সভা ২০২৪ অনুষ্ঠিত

১০.০১.২০২৫

বিগত ১০ জানুয়ারি ২০২৫ (শুক্রবার) বিকাল ৩:০০ টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর বার্ষিক সাধারণ সভা ২০২৪ বিআইপি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান বিগত এক বছরে সংগঠনের বিভিন্ন কার্যক্রমের সারসংক্ষেপ উপস্থাপন করেন এবং সদস্যদের অংশগ্রহণ ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বিআইপি উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন বিআইপির নীতিগত অংশগ্রহণ, কর্মসংস্থান, গঠনতন্ত্র সংশোধন, এবং সম্পদ ও সক্ষমতা বৃদ্ধির বিষয়গুলো তুলে ধরেন। সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান বিগত বছরের চারটি কৌশলগত স্তম্ভের আওতায় বিআইপির কার্যক্রমের বিস্তারিত বিবরণ দেন, যার মধ্যে পরিকল্পনা অনুশীলন উন্নয়ন, আন্তর্জাতিক নীতি সংযুক্তি, গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা, এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন অন্তর্ভুক্ত ছিল।

কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মোঃ মোসলেহ উদ্দীন হাসান বিআইপির আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন। এছাড়া, প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি অধ্যাপক ড. গোলাম রহমান, সাবেক সভাপতি অধ্যাপক ড. এ কে এম আবুল কালাম, এবং অন্যান্য বিশিষ্ট পরিকল্পনাবিদরা নগর উন্নয়ন ও পরিকল্পনাবিদদের ভূমিকা নিয়ে গুরুত্বপূর্ণ মতামত দেন।

সভায় উপস্থিত পরিকল্পনাবিদগণ বাংলাদেশে বাসযোগ্য নগর ও জনবসতি গঠনে পরিকল্পনাবিদদের ভূমিকা আরও সুসংহত করার ওপর গুরুত্বারোপ করেন। পরিশেষে, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরার সঞ্চালনায় একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।

হাতিরঝিল ও পান্থকুঞ্জ ধ্বংস করে এফডিসি থেকে পলাশী পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের সংযোগ সড়ক বাতিলের দাবিতে নাগরিক সংলাপ আয়োজিত

১৬.০১.২০২৫

পৃথিবীর উন্নত ও আধুনিক শহরগুলো নগর এলাকায় ব্যক্তিগত গাড়িকে প্রাধান্য দিয়ে ফ্লাইওভার কেন্দ্রিক পরিবহন সমস্যা সমাধানের কৌশল থেকে সরে এসেছে। অথচ আমরা এখন যানজট সমস্যার সমাধান কৌশল হিসেবে ফ্লাইওভার নির্মাণ করছি, যা ব্যক্তিগত গাড়িকে উৎসাহিত করে। পরিবহন-ভূমি ব্যবহার-পরিবেশ-জনজীবন এর পারস্পরিক সম্পর্কজনিত প্রভাব যথাযথভাবে বিবেচনায় না নিয়েই এলিভেটেড এক্সপ্রেসওয়ের এফডিসি থেকে পলাশী পর্যন্ত নির্মাণের উদ্যোগ জনস্বার্থে অবিলম্বে সরকারকে বাতিল করতে হবে। অন্তর্বর্তী সরকারকে কম ব্যয়ে ও সহজে বাস্তবায়নযোগ্য অন্তর্ভুক্তিমূলক পরিবহন অবকাঠামো গড়ে তোলবার জন্য পরিবহন ও নগর পরিকল্পনার কর্মকৌশল তৈরি করতে হবে। এই প্রকল্পের কারণে ইতিমধ্যে হাতিরঝিল এলাকায় জলাধার ভরাট এবং পান্থকুঞ্জ উদ্যানের সহস্রাধিক গাছ কাটা হয়েছে। হাতিরঝিল ও পান্থকুঞ্জ সংলগ্ন এলাকায় প্রস্তাবিত শতাধিক পিলারসমূহ এলাকার প্রাকৃতিক সৌন্দর্য, জলাধারের পানি প্রবাহ ও সার্বিক উপযোগিতা ধ্বংস করেছে। সংযোগ সড়ক প্রকল্পটি ইতিমধ্যেই পার্ক-উদ্যান-জলাধার সংরক্ষণ আইন, পরিবেশ সংক্রান্ত আইন ও বিভিন পরিকল্পনার ধ্বংসের কারণ হয়ে দাঁড়িয়েছে। উপরোক্ত মতামত গুলো বিগত ১৬ জানুয়ারি ২০২৫ (বৃহস্পতিবার), সকাল ১০:৩০টায় হাতিরঝিল ও পান্থকুঞ্জ ধ্বংস করে এফডিসি থেকে পলাশী পর্যন্ত প্রকৃতি বিধ্বংসী ও জনবিরোধী এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের সংযোগ সড়ক বাতিলের দাবিতে ৩১ টি সামাজিক ও পেশাজীবী সংগঠন এবং নাগরিক সমাজের আয়োজিত 'নাগরিক সংলাপে' উঠে আসে। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর কনফারেন্স হলে এ সংলাপ অনুষ্ঠিত হয়।

'নাগরিক সংলাপ' এ মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান ঢাকা মহানগরীর বাসযোগ্যতার অধ:পতন এবং প্রাণ-প্রকৃতি বিনষ্ট করে অপরিকল্পিত নগরায়নের একটি শ্বেতপত্র প্রকাশ করে বাস্তবমুখী কর্মসূচি গ্রহণ করার আহ্বান জানান। এছাড়াও রাষ্ট্র পুনঃগঠনে সারাদেশের জন্য স্থানিক পরিকল্পনা এবং টেকসই নগরায়নের জন্য পৃথক একটি কমিশন গঠনের মাধ্যমে রাষ্ট্র সংস্কারের বিশেষ এজেন্ডা গ্রহণ করার জন্য অন্তর্বর্তী সরকারের কাছে দাবি জানান।

বিআইপি, খুলনা সিটি কর্পোরেশন এবং ব্র্যাক-নগর উন্নয়ন কর্মসূচী প্রতিনিধিদের মধ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত

২০.০১.২০২৫

বিগত ২০ জানুয়ারি ২০২৫ তারিখে বিআইপি বোর্ড সভাকক্ষে ব্র্যাক, খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর যৌথ উদ্যোগে একটি ত্রিপক্ষীয় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভার উদ্দেশ্য ছিল 'রেজিলিয়েন্ট নগর পরিকল্পনা: জলবায়ু ঝুঁকি ও নগর ব্যবস্থাপনায় প্রকৃতি-ভিত্তিক ও টেকসই সমাধান' শীর্ষক একটি পরিকল্পনা সংলাপ আয়োজন করা। এই উদ্যোগের অংশ হিসেবে, খুলনা শহরের জলাবদ্ধতা ও এর প্রকৃতি ভিত্তিক সমাধান নিয়ে একটি সামাজিক গবেষণা চালানো হয়। ব্র্যাক জানায়, গবেষণার ফলাফল

আগামী সংলাপে নীতি নির্ধারকদের সামনে উত্থাপন করা হবে।

এশিয়া রেজিলিয়েন্ট সিটিস প্রকল্পের আওতায়, এই সংলাপের মাধ্যমে খুলনা শহরের জলবায়ু ঝুঁকি মোকাবেলায় প্রকৃতি-ভিত্তিক সমাধান গ্রহণের জন্য পরিকল্পনামূলক উদ্যোগ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় বিআইপির প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি ১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন।

বিআইপির বার্ষিক বনভোজন

২৪.০১.২০২৫

বিআইপির বার্ষিক বনভোজন বিগত ২৪ জানুয়ারি ২০২৫ “সবুজ ছায়া পিকনিক স্পট”, পূবাইল, গাজীপুরে অনুষ্ঠিত হয়। বার্ষিক বনভোজন বিআইপি পরিবারের সদস্যদের মিলনমেলায় পরিনত হয়। সকালের নাস্তার মাধ্যমে দিনটি শুরু হয়। এরপর শুরু হয় বিভিন্ন ধরণের খেলাধুলা ও প্রতিযোগিতা, যেমনঃ পিলো পাসিং, শিশুদের ভারসাম্য দৌড়, বল নিক্ষেপ, বড়দের বল ছোড়া, কাপল গেমস, র‍্যাফেল ড্র প্রতিযোগিতা ইত্যাদি।

প্রতিযোগিতাগুলোতে অংশগ্রহণকারীদের মাঝে প্রবল উৎসাহ ও উদ্দীপনা দেখা যায়। বিআইপির বার্ষিক বনভোজন সদস্যদের ব্যস্ত জীবনের চাপ থেকে মুক্তি দেয় এবং নতুন উদ্যমে কাজ করার অনুপ্রেরণা যোগায়। বার্ষিক বনভোজন সুষ্ঠু ভাবে সম্পাদনের জন্য সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন (আহ্বায়ক), পরিকল্পনাবিদ হোসনে আরা (সদস্য সচিব), পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ (সদস্য) ও পরিকল্পনাবিদ লিসান আসিব খান (সদস্য)। বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিন ব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি হয়।

বিআইপির রুয়েট স্টুডেন্ট চ্যাপ্টারের প্রতিনিধিগণ কর্তৃক রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বরাবর স্বারকলিপি জমা

২৭.০১.২০২৫

গত ২৭ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) এ পরিকল্পনাবিদদের জন্য পৃথক ‘পরিকল্পনা ক্যাডার’ চালুর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় বরাবর সুপারিশ এবং অ্যাডভোকেসি করার দাবিতে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের শিক্ষকবৃন্দের সহায়তায় সকল সাধারণ শিক্ষার্থীদের পক্ষ থেকে বিআইপির রুয়েট স্টুডেন্ট চ্যাপ্টারের প্রতিনিধিগণ একটি স্বারকলিপি রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বরাবর জমা দেন।

এ সময় নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান ড. মোসাঃ ইলমে ফরিদতুল, সহযোগী অধ্যাপক পরিকল্পনাবিদ ড. মোঃ আব্দুল ওয়াকিল, সহকারী অধ্যাপক পরিকল্পনাবিদ সুমিতা রায়, তানভীর হোসেন রাঈন (বিআইপি স্টুডেন্ট চ্যাপ্টার সেক্রেটারি, রুয়েট),

রাশিব শাহরিয়ার (বিআইপি স্টুডেন্ট চ্যাপ্টার মেম্বার-১, রুয়েট) সহ সাধারণ শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য বরাবর জমাকৃত স্মারকলিপির একটি অনুলিপি শিক্ষার্থীরা বিআইপিতে প্রেরণ করেছেন।

"Detailed Area Plan of Dhaka City (2022-35) and Building Construction Rules 1996 & 2008" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

০১.০২.২০২৫

বিগত ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী'র আওতায় Detailed Area Plan of Dhaka City (2022-35) and Building Construction Rules 1996 & 2008 শীর্ষক একটি পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালাটির উদ্বোধন করেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড.আদিল মুহাম্মদ খান। এ সময় অন্যান্যদের মধ্যে বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশির তত্ত্বাবধানে পরিকল্পনাবিদ মোঃ মুস্তাফিজুর রহমান ও পরিকল্পনাবিদ জান্নাতুল মৌয়া ডালিয়া প্রশিক্ষক হিসেবে কর্মশালাটি পরিচালনা করেন। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদ, স্থপতি এবং সংশ্লিষ্ট পেশাজীবীগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন।

প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই) এর প্রতিনিধিদলের বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) প্রতিনিধি দলের সাথে সাক্ষাৎ

০১.০২.২০২৫

বিগত ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই) এর প্রতিনিধি দল বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) কার্যালয়ে বিআইপির প্রতিনিধি দলের সাথে সাক্ষাৎ করেন। এ সময় প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই) এর সাথে যৌথ প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

উক্ত সভায় বিআইপির পক্ষ থেকে সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন। এছাড়াও পিএমআই বাংলাদেশের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন পিএমআই বাংলাদেশের প্রেসিডেন্ট ইকবাল চৌধুরী এবং পরিচালক (প্রফেশনাল ডেভেলপমেন্ট) আহমেদ জাফর সাদেক ভূঁইয়া।

“ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার সংশোধনে জনস্বার্থ, পরিবেশ ও বাসযোগ্যতার সংকট” শীর্ষক নাগরিক সংলাপ অনুষ্ঠিত

০৫.০২.২০২৫

বিগত ০৫ ফেব্রুয়ারি ২০২৫ (বুধবার), সকাল ১০:৩০টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর কনফারেন্স হলে আয়োজিত ‘নাগরিক সংলাপ’-এ ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালা সংশোধনের প্রস্তাব নিয়ে পরিকল্পনাবিদ ও নাগরিক সমাজের প্রতিনিধিরা গভীর উদ্বেগ প্রকাশ করেন। তারা বলেন, জনস্বার্থের পরিবর্তে গোষ্ঠীস্বার্থকে প্রাধান্য দিয়ে পরিকল্পনা পরিবর্তন করা হলে রাজধানীর বাসযোগ্যতা হুমকির মুখে পড়বে।

বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান-এর সঞ্চালনায় সংলাপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহম্মদ খান। সংলাপে আরও উপস্থিত ছিলেন বিআইপির সাবেক সভাপতি অধ্যাপক ড. আকতার মাহমুদ, সহ-সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আলী নূর, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ মো. খন্দকার তাসরিফুল ইসলামসহ অন্যান্য পরিকল্পনাবিদরা।

বিআইপির সাধারণ সম্পাদক শেখ মুহম্মদ মেহেদী আহসান বলেন, যে কোনো শহরের টেকসই পরিকল্পনা এবং জনস্বাস্থ্য রক্ষায় প্রয়োজনীয় বিধিবিধান সম্বলিত ইমারত নির্মাণ বিধিমালা কার্যকর করা জরুরি। ঢাকা ইতোমধ্যে যানজট, বায়ুদূষণ, জলাবদ্ধতা এবং নাগরিক সুবিধার সংকটে রয়েছে, যা পরিকল্পনার সঠিক প্রয়োগের অভাবে হয়েছে। বিশেষ করে জনঘনত্ব পরিকল্পনার অনুপস্থিতি এবং বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালায় উচ্চ ফার (FAR) মানও এর জন্য দায়ী। জনসংখ্যা ও জনঘনত্ব পরিকল্পনা ছাড়া কোনো শহর বাসযোগ্য হতে পারে না, এবং ঢাকা এই সমস্যার বড় উদাহরণ। বক্তারা আরও বলেন, নগর উন্নয়নের ক্ষেত্রে স্বচ্ছতা, দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও নাগরিক অংশগ্রহণ নিশ্চিত করা জরুরি। আইন ও পরিকল্পনার ধারাবাহিকতা বজায় না থাকলে ঢাকার পরিবেশ ও অবকাঠামো টেকসই হবে না।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর প্রতিনিধিদলের Plannation 3.0 এ অংশগ্রহণ

০৭.০২.২০২৫

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)-এর আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (URP) বিভাগের উদ্যোগে বিগত ৬ ও ৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে দুই দিনব্যাপী Plannation 3.0 অনুষ্ঠিত হয়। এই আয়োজনে জি আই এস চ্যালেঞ্জ, ক্যাড কম্পিটিশন, ডকুমেন্টারি ক্রিয়েশন, পোস্টার ইনোভেশন, টেকনিক্যাল রাইটিং, ফটোগ্রাফি কনটেস্ট, গেমিং ইভেন্টস ও এনভায়রনমেন্ট অলিম্পিয়াড-সহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ১৭টি বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন কলেজের মোট ৫৪৮ জন প্রতিযোগী অংশ নেন।

এই প্রোগ্রামের সহযোগিতায় ছিল বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)। ৬ ফেব্রুয়ারির উদ্বোধনী অনুষ্ঠানে বিআইপির একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেন, যেখানে উপস্থিত ছিলেন সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ আবু নাইম সোহাগ ও পরিকল্পনাবিদ মো. ফাহিম আবেদীন।

"How to Publish Research Articles in Academic Journals" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

০৮.০২.২০২৫

বিগত ৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচি'র আওতায় "How to Publish Research Articles in Academic Journals" শীর্ষক একটি পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। এতে সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা ও পরিকল্পনাবিদ মো. ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন। পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশির তত্ত্বাবধানে ড. হাসিব ইরফানুল্লাহ (পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও গবেষণা ব্যবস্থার পরামর্শক) প্রশিক্ষক হিসেবে কর্মশালাটি পরিচালনা করেন। নগর পরিকল্পনাবিদরা এতে অংশ নেন এবং প্রশিক্ষণ শেষে বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান প্রশিক্ষণার্থীদের হাতে সনদ তুলে দেন।

সেন্টার ফর পলিসি ডায়ালগ এর চেয়ারম্যান মহোদয়ের সাথে বিআইপির সৌজন্য সাক্ষাত

০৯.০২.২০২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং সদস্য পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দীন বিগত ৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সেন্টার ফর পলিসি ডায়ালগ এর চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান এর সাথে তাঁর দপ্তরে একটি সৌজন্য সাক্ষাত করেন। সৌজন্য সাক্ষাতে বিআইপি প্রণীত "Spatial Planning Framework for Bangladesh" (বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো) এর প্রাতিষ্ঠানিকীকরণ সম্পর্কে আলোচনা করা হয় এবং অন্তবর্তকালীণ সরকারের চলমান রাষ্ট্রযন্ত্র সংস্কার প্রক্রিয়ায় বিআইপির এই জন গুরুত্বপূর্ণ দলিল যথাযথ গুরুত্বের সাথে দেখার বিষয়ে সিপিডির পক্ষ থেকে সব ধরনের সহায়তা করা হবে মর্মে অধ্যাপক রেহমান সোবহান আশ্বাস ব্যক্ত করেন। এসময় বিআইপির পক্ষ থেকে ইনস্টিটিউট এর সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান "Spatial Planning Framework for Bangladesh" এর একটি কপি অধ্যাপক রেহমান সোবহান এর হাতে তুলে দেন।

বিআইপির উদ্যোগে 'প্ল্যানার্স ক্রিকেট ফেস্টিভ্যাল ২০২৫' অনুষ্ঠিত

১০.০২.২০২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে এবং বুয়েটের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সহযোগিতায় গত ১০ ফেব্রুয়ারি ২০২৫ (শুক্রবার) "বিআইপি ক্রিকেট ফেস্টিভাল" ২০২৫ বুয়েট কেন্দ্রীয় মাঠে অনুষ্ঠিত হয়। এতে দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ের প্ল্যানার্স অ্যালামনাই সংগঠনের সদস্য, ফেলো সদস্য, নারী পরিকল্পনাবিদ ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। ফেস্টিভ্যালে স্পন্সরশীপ প্রদান করে প্ল্যান প্লাস লি.। দিনব্যাপী উত্তেজনাপূর্ণ প্রতিযোগিতায় রুয়েট আরবান প্ল্যানার্স অ্যাসোসিয়েশন চ্যাম্পিয়ন এবং পাবিপ্রবি অ্যালামনাই রানার্স আপ হয়।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার ও ট্রফি তুলে দেয়া হয়। এসময় উপস্থিত ছিলেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মো. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন এবং সিনিয়র পরিকল্পনাবিদ সদস্যসহ সংশ্লিষ্ট অ্যালামনাই সমূহের প্রতিনিধিবৃন্দ।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ম ইউআরপি প্ল্যানার্স রিইউনিয়ন এবং প্ল্যানিং কার্নিভাল ২০২৫ অনুষ্ঠিত

১৪.০২.২০২৫

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের উদ্যোগে এবং অ্যালামনাই ও শিক্ষার্থীদের অংশ গ্রহণে বিগত ১৩ ও ১৪ ফেব্রুয়ারি দুই দিনব্যাপী ১ম ইউআরপি প্ল্যানার্স রিইউনিয়ন এবং প্ল্যানিং কার্নিভাল ২০২৫ অনুষ্ঠিত হয়। ১৩ ফেব্রুয়ারি সকালে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়, যার প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এম এস আব্দুর রাজ্জাক। র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে রুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়। সেখানে বেলুন ও ফেস্টুন উড়িয়ে উপাচার্য অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। এরপর "Nogorkothon 3.0" প্রকাশনার মোড়ক উন্মোচন করেন।

রুয়েট কেন্দ্রীয় মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোসা. ইলমী ফরিদাতুল, এ্যাসোসিয়েশন অব রুয়েট প্ল্যানার্স অ্যালামনাইয়ের সভাপতি শুভকান্তি পোদ্দার, বিআইপি'র বোর্ড সদস্য মো. ফাহিম আবেদীন এবং অন্যান্য বিভাগের ডীন, পরিচালক ও বিভাগীয় প্রধানরা। প্রতিযোগিতামূলক ইভেন্ট যেমন পোস্টার প্রেজেন্টেশন, ফটোগ্রাফি কম্পিটিশন, প্রজেক্ট ডিজাইন, ডকুমেন্টরি প্রদর্শনী, বির্তক প্রতিযোগিতা এবং একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

১৪ ফেব্রুয়ারি, দ্বিতীয় দিনে রুয়েটের কেন্দ্রীয় মিলনায়তনে বিআইপি রাজশাহী লোকাল চ্যাপ্টারের সদস্যরা এবং বিআইপির কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মোহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ আবু নাঈম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন সহ রাজউক প্রধান নগর পরিকল্পনাবিদ মো: আশরাফুল ইসলাম বক্তব্য প্রদান করেন। সবশেষে অতিথিগণ মিলনায়তনে বিভিন্ন প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ করেন।

"Green & Resilient Buildings" শীর্ষক পাবলিক সেশন অনুষ্ঠিত

১৮.০২.২০২৫

বিগত ১৮ই ফেব্রুয়ারি ২০২৫ (মঙ্গলবার) সন্ধ্যা ৬:৩০ মিনিটে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) কনফারেন্স হলে "Green & Resilient Buildings" শীর্ষক একটি পাবলিক সেশন অনুষ্ঠিত হয়। বিআইপি এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) এর যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ সেশনে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মি. আতিফ সৈয়দ (সাউথ এশিয়া লিড-গ্রীন বিল্ডিংস, EDGE গ্রীন বিল্ডিং মার্কেট, ট্রান্সফরমেশন প্রোগ্রাম, ক্লাইমেট বিজনেস ডিপার্টনেন্ট) এবং মি. সাহিল, (সাউথ এশিয়া লিড-EDGE (টেক) এন্ড BRI, গ্রীন এন্ড রেজিলিয়েন্ট বিল্ডিংস, দক্ষিণ এশিয়া অঞ্চল, ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি)।

সেশনটি বিআইপি সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় এবং সঞ্চালনা করেন বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান। আলোচনায় অংশগ্রহণ করেন বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মো. আবু নাঈম সোহাগ, পিএমাইবিডি প্রেসিডেন্ট মি. এ টি এম ইকবাল চৌধুরী, পিএমপি, বিআইপির

প্রাক্তন সাধারণ সম্পাদক ড. গোলাম মর্তুজা ও পরিকল্পনাবিদ এম এ তাহের।

এছাড়াও, বিআইপি উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন, সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. শফিক-উর-রহমান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মো. ফাহিম আবেদীন, পরিকল্পনাবিদ মো. মাহবুব উর রহমান এবং আরও অনেক নগর পরিকল্পনাবিদ সেশনে উপস্থিত ছিলেন।

সেশনটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি। অনুষ্ঠানে বক্তারা সবুজ ও জলবায়ু সহনশীল ভবননির্মাণের প্রয়োজনীয়তা, এর প্রভাব ও আন্তর্জাতিক মানদন্ড নিয়ে আলোচনা করেন এবং বাংলাদেশে টেকসই নির্মাণশিল্পের প্রসারে করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ৫২'র সকল ভাষা শহীদদের প্রতি বিআইপির বিনম্র শ্রদ্ধা

২১.০২.২০২৫

বিগত ২১ ফেব্রুয়ারি ২০২৫ (শুক্রবার) অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র পক্ষ থেকে জাতীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে বায়ান্ন'র ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর নেতৃত্বে পুষ্পস্তাবক অর্পন করেন ইনস্টিটিউট এর সহ-সভাপতি পরিকল্পনাবিদ

সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন এবং বিআইপির কর্মকর্তা এবং অফিস সহায়কগণ। শ্রদ্ধা নিবেদন শেষে মায়ের মুখের ভাষার জন্য আত্মত্যাগকারী সকল শহীদদের আত্মা শান্তি কামনা করা হয়। এছাড়াও, গণমুখি পরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে বাংলা ভাষায় দেশের সব স্তরের পরিকল্পনা প্রস্তুতসহ দাপ্তরিক সকল ক্ষেত্রেই বাংলা ভাষা ব্যবহারের দাবী জানানো হয়। পাশাপাশি, বাংলাদেশ ও বিশ্বে বসবাসকারী সকল জাতিগোষ্ঠীর নিজ নিজ ভাষায় কথা বলা ও ভাব প্রকাশের মৌলিক অধিকারের প্রতি সংহতি প্রকাশ করা হয়। পরিশেষে, উপস্থিত সকল পরিকল্পনাবিদ দেশের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পরিকল্পিত বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয় ব্যক্ত করেন।

আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এবং বিআইপির যৌথ উদ্যোগে গাজীপুরে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন

২১.০২.২০২৫

আবু জাফর শামসুদ্দীন ও আয়েশা আখতার খাতুন মেমোরিয়াল ট্রাস্ট এবং বিআইপির যৌথ উদ্যোগে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে গত ২১ ফেব্রুয়ারি ২০২৫ এ দক্ষিণ বাগ, কালীগঞ্জ গাজীপুরে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উৎসবমুখর পরিবেশে সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও ক্রিয়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন সহ ট্রাস্টের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

Alliance Française de Dhaka 'র উদ্যোগে "Learning from Puran Dhaka" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত;

২৪.০২.২০২৫

পুরান ঢাকা, বাংলাদেশের রাজধানীর ঐতিহাসিক কেন্দ্র, তার সমৃদ্ধ ইতিহাস, সংস্কৃতি ও খাবারের জন্য বিখ্যাত। মুগল ও ব্রিটিশ শাসনামলে এটি বাণিজ্য, সংস্কৃতি ও রাজনীতির অন্যতম কেন্দ্রছিল। তবে, দ্রুত নগরায়নের ফলে এর সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক বৈচিত্র্য বিলুপ্তির হুমকির মুখে। এই প্রেক্ষাপটে ঐতিহ্য সংরক্ষণ ও টেকসই উন্নয়নের জন্য তৃণমূলভিত্তিক পরিকল্পনার প্রয়োজনীয়তা উপলব্ধি করে Alliance Française de Dhaka আয়োজন করে "Learning from Puran Dhaka" কর্মশালা, যা বিগত ১৮-২৫ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) ছিল এই উদ্যোগের সহ-আয়োজক, যেখানে পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, বোর্ড সদস্য (একাডেমিক অ্যাফেয়ার্স), সমন্বয়কের দায়িত্ব পালন করেন। কর্মশালায় স্থানীয় ও ফরাসি বিশেষজ্ঞদের অংশ গ্রহণে পুরান ঢাকার অর্থনীতি, ভূগোল ও ঐতিহ্য সংরক্ষণের উপায় নিয়ে আলোচনা হয়। তিনটি মূল কর্মশালা 'Heritage: Building and Living', 'Climate Comfort and Vegetation' এবং 'Diversity of Economy and Work' এ শিক্ষার্থী, নগর পরিকল্পনাবিদ, নগর প্রশাসক, স্থপতি ও শিক্ষকরা অংশগ্রহণ করেন, যেখানে পুরান ঢাকার টেকসই ভবিষ্যতের সম্ভাবনা অন্বেষণ করা হয়।

২৪ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত Final Round of Discussion-এ বিশিষ্ট বক্তারা অংশগ্রহণ করেন, যার মধ্যে ছিলেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, আইএবি সভাপতি ড. আবু সাঈদ এম. আহমেদ, পিপিআরসির এক্সিকিউটিভ চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান, বুয়েট অধ্যাপক ড. খন্দকার শব্বির আহমেদ এবং ফরাসি বিশেষজ্ঞ ফ্রান্সিস র‍্যামবার্ট, ফ্রাঙ্ক বুতে, মার্ক বারানি, ম্যাথিউ লুকাস ও মনিকা লেব্রাও সেন্দ্রা। বক্তারা তৃণমূল ভিত্তিক পরিকল্পনা, ঐতিহ্য সংরক্ষণ ও টেকসই নগর উন্নয়নের ওপর জোর দেন, যা পুরান ঢাকার ভবিষ্যৎ উনয়নে নতুন দিক উন্মোচন করতে পারে।

"Professional Training on Building Approval Process in Pourashava, City Corporations & Upazillas" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

০১.০৩.২০২৫

বিগত ০১ মার্চ ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র 'পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী'র আওতায় Professional Training on Building Approval Process in Pourashava, City Corporations & Upazillas শীর্ষক একটি পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালাটির উদ্বোধন করেন বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন। এ সময় বিআইপির বোর্ড সদস্য বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশির তত্ত্বাবধানে নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র পরিকল্পনাবিদ, পরিকল্পনাবিদ আজমেরী আশরাফী, সিরাজগঞ্জ পৌরসভার শহর পরিকল্পনাবিদ, পরিকল্পনাবিদ মোঃ আনিসুর রহমান এবং স্থাপতিক এর প্রতিষ্ঠাতা ও প্রিন্সিপাল স্থপতি, স্থপতি শরীফ উদ্দিন আহমেদ প্রশিক্ষণ প্রদান করেন। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রায় অর্ধশতাধিক নগর পরিকল্পনাবিদ অংশ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। সনদ প্রদান অনুষ্ঠানে বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

বিআইপির ইফতার মাহফিল ২০২৫ অনুষ্ঠিত

০৪.০৩.২০২৫

প্রতি বছরের ন্যায় এ বছরও নগর পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র ইফতার মাহফিল বিগত ৪ মার্চ ২০২৫ মঙ্গলবার রাজধানীর বাংলামোটরে বিআইপির কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়। এতে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ মাহমুদ আলী, বিআইপির উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ মোহাম্মদ ফজলে রেজা সুমন, সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম, সহ প্রবীণ ও নবীন পরিকল্পনাবিদগণ অংশগ্রহণ করেন। ইফতার মাহফিলে দেশের উন্নতি ও সার্বিক কল্যাণ কামনা করে প্রার্থনা করা হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি-র সার্বিক তত্ত্বাবধানে এবং বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। এছাড়াও অন্যান্যদের মধ্যে বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, বিআইপির সাবেক সহ-সভাপতি পরিকল্পনাবিদ ড. মুহাম্মদ আরিফুল ইসলাম, নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার পরিকল্পনাবিদ মাকসুদ হাসেম, পরিকল্পনাবিদ শরীফ মোহাম্মদ তারিকুজ্জামানসহ দুই শতাধিক পরিকল্পনাবিদ সদস্য উপস্থিত ছিলেন।

“Bangladesh Urban Living Lab: Green Development and Urban Planning: Enhancing Skills for Sustainable Jobs” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

০৯.০৩.২০২৫

বিগত ০৯ মার্চ থেকে ১৩ মার্চ ২০২৫ তারিখ পর্যন্তশ বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি), ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ (আইএবি), কোরিয়ান এক্সপার্ট এবং ওয়ার্ল্ড ব্যাংকের যৌথ উদ্যোগে 'Green Development and Urban Planning: Enhancing Skills for Sustainable Jobs' শীর্ষক একটি কর্মশালা ওয়ার্ল্ড ব্যাংক অফিস, ঢাকায় অনুষ্ঠিত হয়।

এই কর্মশালায় বিআইপির প্রতিনিধি হিসেবে বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দিন, পরিকল্পনাবিদ তৌফিক মহিউদ্দিন, পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির, পরিকল্পনাবিদ ড. আফসানা হক, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এবং পরিকল্পনাবিদ মৌটুসী পৈত অংশগ্রহণ করেন। এই কর্মশালার মূল লক্ষ্য ছিল ঢাকা মহানগরীর বর্তমান পরিস্থিতি মূল্যায়ন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম পর্যবেক্ষণ এবং নগর/আঞ্চলিক পরিকল্পনা, বর্জ্য ব্যবস্থাপনা (SWM), বন্যা ও পানি ব্যবস্থাপনা ও আরবান মোবিলিটি বিষয়ে টেকসই এবং পরিবেশবান্ধব উন্নয়ন নিশ্চিত করতে দক্ষতা উন্নয়নের মাধ্যমে পরিকল্পনার আধুনিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।

“ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) সংশোধনের উদ্যোগ: হুমকির মুখে ঢাকার বাসযোগ্যতা” শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

১৬.০৩.২০২৫

বিগত ১৬ মার্চ ২০২৫ রবিবার সকাল ১১:০০ টায় “ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) সংশোধনের উদ্যোগ: হুমকির মুখে ঢাকার বাস যোগ্যতা” শীর্ষক একটি মতবিনিময় সভা ডাব্লিউবিবি ট্রাস্টের কৈবর্ত সভা কক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি), ইনস্টিটিউট ফর প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি ট্রাস্ট) এর যৌথ উদ্যোগে আয়োজিত মতবিনিময় সভায় বক্তারা ড্যাপ সংশোধনের উদ্যোগে ঢাকার বাসযোগ্যতার প্রভাব নিয়ে তাদের মতামত তুলে ধরেন। বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন মতামত প্রদান করেন। ডাব্লিউবিবি ট্রাস্ট এর পরিচালক গাউস পিয়ারী সভার সভাপতিত্ব করেন এবং সভাটি সঞ্চালনা করেন ডাব্লিউবিবি ট্রাস্ট এর সহ-প্রকল্প কর্মকর্তা মোঃ মিঠুন।

“গোষ্ঠীস্বার্থে বারবার ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার পরিবর্তনঃ জনস্বার্থ, ও বাসযোগ্যতার বিপন্নতা এবং নাগরিকের করণীয়” শীর্ষক ‘সংবাদ সম্মেলন’ অনুষ্ঠিত

১৮.০৩.২০২৫

বিগত ১৮ মার্চ, ২০২৫ (মঙ্গলবার), সকাল ১১ টায় জাতীয় প্রেসক্লাব, ঢাকার আবদুস সালাম হল এ “গোষ্ঠীস্বার্থে বারবার ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার পরিবর্তনঃ জনস্বার্থ, ও বাসযোগ্যতার বিপন্নতা এবং নাগরিকের করণীয়” শীর্ষক ‘সংবাদ সম্মেলন’ অনুষ্ঠিত হয়।

বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় ‘সংবাদ সম্মেলন’ এ মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)’র সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। এছাড়াও সংবাদ সম্মেলন উপস্থিত ছিলেন বিআইপির সহ সভাপতি-১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, বিআইপির কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ মোঃ মোসলেহ উদ্দীন হাসান, পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন এবং পরিকল্পনাবিদ নাহিদ আরিফীন সহ নাগরিক ও পেশাজীবীগণ।

সংবাদ সম্মেলনের যৌথ আয়োজনে যুক্ত থাকা বিভিন্ন নাগরিক, পেশাজীবী ও সামাজিক সংগঠন সমূহ হচ্ছে -বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি), সেন্টার ফর এ্যাটমসফেরিক পলিউশন স্টাডিজ (ক্যাপস), ওয়ার্ক ফর বেটার বাংলাদেশ (ডাব্লিউবিবি) ট্রাস্ট, বাংলাদেশ আরবান ফোরাম, সেন্টার ফর হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ, ইনস্টিটিউট ফর প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট (আইপিডি), ধরিত্রী রক্ষায় আমরা (ধরা), সেন্টার ফর ল' এন্ড পলিসি এফেয়ার্স, বাংলাদেশ রিসোর্স সেন্টার ফর ইনডিজেনাস নলেজ, ইনস্টিটিউট অব ওয়েলবীইং বাংলাদেশ (আইডাব্লিউবি), ধ্রুবতারা ইয়ুথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, উইমেন এন্ড ডিজএ্যাবিলিটিজ ফাউন্ডেশন, ইনস্টিটিউট অব ফরেস্টার বাংলাদেশ, বাংলাদেশ গাছ রক্ষা আন্দোলন, তেঁতুলতলা মাঠ রক্ষা আন্দোলন, ন্যাশনাল ডিবেট ফেডারেশন এবং ১৯ নং ওয়ার্ড কমিউনিটি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, করাইল।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন

২৬.০৩.২০২৫

প্রতি বছরের ন্যায় এ বছরও ২৬ মার্চ ২০২৫ (বুধবার) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর পক্ষ থেকে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহণকারী সকল মুক্তিযোদ্ধা, বীর শহীদসহ জাতির স্বাধীনতা ও মুক্তি সংগ্রামে অবদান রাখা সকল আত্নত্যাগকারীদের প্রতি গভীর সম্মান ও শ্রদ্ধাঞ্জলি জানানো হয়।

পুষ্পার্ঘ্য অর্পণের সময় বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এর নেতৃত্বে উপস্থিত ছিলেন বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এবং বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন। এছাড়াও চুয়েট প্ল্যানার্স অ্যালামনাই এসোসিশেয়ন এর সভাপতি পরিকল্পনাবিদ নূর এ মোঃ আমানত উল্লাহ, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ মোঃ মুস্তাফিজুর রহমান এবং রুয়েট আরবান প্ল্যানাস এসোসিয়েশন এর সভাপতি পরিকল্পনাবিদ শুভ কান্তি পোদ্দার সহ ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীরাগণ উপস্থিত ছিলেন।

"বাংলাদেশে স্থানিক পরিকল্পনার চর্চা এবং করণীয়" বিষয়ক সেমিনার এবং পরিকল্পনা পেশায় অর্জনের স্বীকৃতিস্বরূপ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক-কে বিআইপির পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা' প্রদান অনুষ্ঠান

১২.০৪.২০২৫

বিগত ১২ এপ্রিল ২০২৫ (শনিবার), সকাল ১০:৩০টায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে "বাংলাদেশে স্থানিক পরিকল্পনার চর্চা এবং করণীয়" বিষয়ক একটি সেমিনার এবং পরিকল্পনা পেশায় অর্জনের স্বীকৃতি স্বরূপ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালককে বিআইপির পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা' প্রদান অনুষ্ঠান রাজধানীর বাংলামোটরে অবস্থিত প্ল্যানার্স টাওয়ারের বিআইপি কনফারেন্স হলরুমে অনুষ্ঠিত হয়।

বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে উক্ত সেমিনারে 'সম্মানিত অতিথি' হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব) পরিকল্পনাবিদ এম. মাহমুদ আলী।

পরিকল্পনা পেশায় অর্জনের স্বীকৃতিস্বরূপ পরিকল্পনাবিদ এম. মাহমুদ আলীকে বিআইপির পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা' প্রদান করা হয়। বিআইপির যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

বিআইপির পক্ষ থেকে "From Spatial Planning Framework to National Spatial Plan" শীর্ষক একটি প্রতিবেদন উপস্থাপন করেন ইনস্টিটিউটের স্থানিক পরিকল্পনা কাঠামো টাস্কফোর্সের পরিকল্পনা বিশেষজ্ঞ এবং বিআইপির সদস্য পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দীন। অনুষ্ঠানের এ পর্যায়ে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব) পরিকল্পনাবিদ এম. মাহমুদ আলী-র পরিচিতি এবং জীবনী সম্পর্কিত একটি প্রতিবেদন উপস্থাপন করেন বিআইপির বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি। এছাড়াও অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন এবং পরিকল্পনাবিদ নাহিদ আরিফীন সহ নাগরিক ও পেশাজীবীগণ।

বিআইপি কর্তৃক বৈশাখী উৎসব ১৪৩২ আয়োজন

১৯.০৪.২০২৫

ইনস্টিটিউটের ৫০ বছর পূর্তি উদযাপনের অংশ হিসেবে প্রথমবারের মত বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-র বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিগত ১৯ এপ্রিল ২০২৫ (শনিবার), সকাল ১০:০০ টা থেকে বিআইপি কনফারেন্স হল রুমে 'বৈশাখী উৎসব' এর আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন বিআইপির সহ-সভাপতি ১ পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন। সভাপতিত্ব করেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। সঞ্চালনায় ছিলেন বোর্ড সদস্য পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ। এসময় আরও উপস্থিত ছিলেন বিআইপির সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, বিআইপির সাবেক সভাপতি পরিকল্পনাবিদ এ কে এম আবুল কালাম, সাবেক উপদেষ্টা পরিষদ সদস্য পরিকল্পনাবিদ মোঃ মাহবুবুর রহমান প্রমুখ।

উৎসবে ছিল শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। দুইটি বয়সভিত্তিক গ্রুপে প্রায় ১৫ জন শিশু চিত্রাঙ্কনে অংশগ্রহণ করে। সাংস্কৃতিক আয়োজনে বিআইপি সদস্যদের সঙ্গীত পরিবেশনা ও শিশুদের নৃত্য প্রদর্শিত হয়। শেষে অংশগ্রহণকারী শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং সভাপতি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

নগর গবেষণা কেন্দ্রের গবেষণা সম্পদ বিআইপি-তে হস্তান্তরের প্রস্তাব ও "Preliminary Housing Concepts: Perspectives on Bangladesh" গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান

১৯.০৪.২০২৫

বিগত ১৯ এপ্রিল ২০২৫, বিকেল ৫:০০টায় বিআইপি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয় "Preliminary Housing Concepts : Perspectives on Bangladesh" গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নগর গবেষণা কেন্দ্রের সভাপতি অধ্যাপক নজরুল ইসলাম নগর গবেষণা কেন্দ্রের সকল গবেষণা সম্পদ ও গুডউইল বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)'র নিকট হস্তান্তরের প্রস্তাব করেন।

বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসানের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআইপির প্রতিষ্ঠাকালীণ সভাপতি ও আহসানিয়া মিশনের বর্তমান প্রেসিডেন্ট পরিকল্পনাবিদ অধ্যাপক ড. গোলাম রহমান। বইটির লেখক পরিকল্পনাবিদ ড. কাশফিয়া নাহরিন গ্রন্থটির পটভূমি ও বিষয়বস্তু তুলে ধরেন। বক্তারা পরিকল্পনা বিষয়ক আরও বই প্রকাশের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন এবং বাংলায় গবেষণাকর্ম চালিয়ে যাওয়ার আহ্বান জানান। এছাড়াও অনুষ্ঠানে বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ

সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ, পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন, ডেভেলপমেন্ট ডিজাইন কনসালট্যান্টস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনাবিদ মোঃ মাহবুবুর রহমান, এ্যাকুমেন আর্কিটেক্টস এন্ড প্ল্যানার্স লিঃ ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনাবিদ এম. এ. তাহের সহ বিআইপির সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সাথে বিআইপির ১৬তম নির্বাহী পরিষদ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত

২২.০৪.২০২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর ১৬তম নির্বাহী পরিষদের একটি প্রতিনিধি দল বিগত ২২ এপ্রিল ২০২৫ (সোমবার) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নবনিযুক্ত সচিব জনাব মোঃ নজরুল ইসলামের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। বিআইপির পক্ষ থেকে সচিব

মহোদয়কে শুভেচ্ছা জানানো হয় এবং দেশের জনবহুল বাস্তবতায় পরিকল্পিত নগরায়ণের গুরুত্ব তুলে ধরে পরিকল্পনাবিদদের আরও সক্রিয়ভাবে কাজে লাগানোর আহ্বান জানানো হয়। সাক্ষাতে সচিব মহোদয়কে বিআইপির উদ্যোগে আয়োজিত ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়। এছাড়া বিআইপির জন্য উত্তরা ৩য় প্রকল্পে প্লট বরাদ্দ, পরিকল্পনাবিদদের লাইসেন্সিং, এবং বিআইপি প্রণীত স্থানিক পরিকল্পনা কাঠামোর (SPF) প্রাতিষ্ঠানিক বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। ড্যাপ ও ইমারত বিধিমালা সংশোধনে বিআইপির মতামতের গুরুত্ব দেওয়ার অনুরোধ জানালে সচিব মহোদয় পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে একযোগে কাজ করার আশ্বাস প্রদান করেন।

বিআইপি প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন ও পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম এবং কোষাধ্যক্ষ পরিকল্পনাবিদ ড. মোঃ মোসলেহ উদ্দীন হাসান।

‘পরিকল্পনা সংশ্লিষ্ট প্রকল্পসমূহে পরামর্শক সেবা বিষয়ক পর্যালোচনা ও সুপারিশমালা প্রণয়ন’ সংক্রান্ত গোলটেবিল বৈঠকে অনুষ্ঠিত

২৬.০৪.২০২৫

বিগত ২৬ এপ্রিল ২০২৫ (শনিবার), বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনা সংশ্লিষ্ট প্রকল্পে পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের অংশগ্রহণে একটি গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। বিআইপির সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় বৈঠকে সভাপতিত্ব করেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান।

বক্তারা মাস্টার প্ল্যান প্রণয়ন ও বাস্তবায়নে বিদ্যমান গ্যাপসমূহ চিহ্নিত করে একটি পরামর্শভিত্তিক প্রতিবেদন সরকারের কাছে উপস্থাপনের প্রয়োজনীয়তা তুলে ধরেন। আলোচনায় সরকারি প্রকল্পে পরিকল্পনাবিদদের জন্য নির্দিষ্ট পদ সৃষ্টির আহ্বান জানানো হয় এবং বিআইপি প্রণীত "Spatial Planning Framework for Bangladesh" বাস্তবায়নে পরবর্তী ধাপ নিয়ে কাজ করার গুরুত্ব তুলে ধরা হয়। বক্তারা একটি কেন্দ্রীয় পরিকল্পনা কর্তৃপক্ষ গঠনের প্রস্তাব করেন, যা পরিকল্পনাবিদ, স্থপতি, প্রকৌশলী ও পরিবেশবিদদের সমন্বয়ে গঠিত হবে। TOR ও RFP সঠিকভাবে প্রস্তুত, পর্যবেক্ষণ এবং বাস্তবায়নের জন্য একটি টেকনিক্যাল টিম গঠনের ওপর গুরুত্ব দেওয়া হয়। গোলটেবিল বৈঠকের শেষে সিদ্ধান্ত হয় যে, পরামর্শমূলক সুপারিশমালা চূড়ান্ত করতে শীঘ্রই Bangladesh Association of Consulting Engineers (BACE)- এর সাথে একটি যৌথ বৈঠক অনুষ্ঠিত হবে।

গোলটেবিল বৈঠকে বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম, বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি, পরিকল্পনাবিদ হোসনে আরা, পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ ও পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন সহ পরিকল্পনা সংশ্লিষ্ট প্রকল্প সমূহের পরামর্শক প্রতিধিনিগণ উপস্থিত ছিলেন।

"Improvement of Design and Construction Quality for Resilience of Private Building"- শিরোনামে জাইকার কারিগরী সহযোগিতা প্রকল্পে বিআইপি ও রাজউকের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

২৯.০৪.২০২৫

বিগত ২৯ এপ্রিল ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) "Improvement of Design and Construction Quality for Resilience of Private Building" শিরোনামে জাইকার কারিগরী সহযোগিতা প্রকল্পে সহায়তা প্রদানের উদ্দেশ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে। এই সমঝোতা স্মারকের অধীনে বিআইপি এবং রাজউক অগ্নি নিরাপত্তা এবং নির্মাণ পরিদর্শন ও তত্ত্বাবধানে, পারস্পরিক সক্ষমতা উন্নয়নে একসাথে কাজ করবে। এছাড়াও বিআইপি ও রাজউক উক্ত বিষয়ে যৌথভাবে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করবে। বিআইপির পক্ষে ইনস্টিটিউটের সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং রাজউকের পক্ষে প্রকল্প পরিচালক ও সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) জনাব মোহাঃ হারুন-অর-রশীদ সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। এসময় রাজউক এর চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ রিয়াজুল ইসলাম, বিআইপির সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন, সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান সহ প্রকল্প সংশ্লিষ্ট রাজউক এবং জাইকার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিকল্পনা বিভাগে বিআইপির গবেষণা প্রতিবেদন উপস্থাপন: জনস্বাস্থ্যও নগর পরিকল্পনার সমন্বয়ের ওপর জোর

০৪.০৫.২০২৫

বিগত ০৪ মে (রবিবার) ২০২৫, পরিকল্পনা বিভাগের সমাজবিজ্ঞান গবেষণা পরিষদের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স কর্তৃক প্রাতিষ্ঠানিক গবেষণা “Integration of Public Health and Urban Planning to Attain Equity and Sustainability at Urban Areas in Bangladesh” শীর্ষক প্রতিবেদন উপস্থাপন করা হয়। উক্ত সেমিনারে জনাব ইকবাল আব্দুল্লাহ হারুন, সচিব, পরিকল্পনা বিভাগ উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান, সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন। গবেষণা প্রতিবেদনের মূল লক্ষ্য ছিলো বাংলাদেশের শহরাঞ্চলে সমতা ও স্থিতিশীলতা বাড়ানোর জন্য নগর পরিকল্পনা নীতিগুলোকে কীভাবে জনস্বাস্থ্য লক্ষ্যগুলির সাথে সমন্বিত করা যায় তা খুঁজে বের করা। এই গবেষণা ঢাকা শহরের বর্তমান জনস্বাস্থ্য পরিস্থিতি বিশ্লেষণ, বিদ্যমান নির্মিত পরিবেশ এবং জনস্বাস্থ্যের উপর এর প্রভাব মূল্যায়ন করা, নগর পরিকল্পনায় জনস্বাস্থ্যকে অন্তর্ভুক্ত করার জন্য আন্তর্জাতিক মান এবং সর্বোত্তম অনুশীলনগুলি পর্যালোচনা এবং উন্নত নগর পরিকল্পনার মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নতির জন্য নীতিগত সুপারিশ প্রদান করেছে। এছাড়াও সুপারিশগুলোতে নির্মিত এলাকা গুলোতে কৌশলগত পরিকল্পনার প্রয়োজনীয়তার ওপরও জোর দেওয়া হয়েছে।

বিআইপির চলমান গবেষণা কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে পরিকল্পনাবিদ হোসনে আরা, বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) সার্বিক তত্ত্বাবধানে ছিলেন।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন

১০.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। "Spatial Planning for Just Transition in Bangladesh" প্রতিপাদ্য নিয়ে শুরু হওয়া সম্মেলনের উদ্বোধন করেন অন্তর্বতী সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট অডিটরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আদিলুর রহমান খান, জাতিসংঘের মানব বসতি কর্মসূচি (ইউএন-হ্যাবিট্যাট) এর নির্বাহী পরিচালক আনাক্লাউদিয়া রসবাখ (Anacláudia Rossbach), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মো. নজরুল ইসলাম, খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম এবং বিআইপির উপদেষ্টা পরিষদের আহবায়ক মোহাম্মদ ফজলে রেজা সুমন।

বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে সম্মেলনের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এবং সূচনা বক্তব্য দেন বিআইপির যুগ্ম সম্পাদক পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Just Transition in Bangladesh" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত

১০.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Just Transition in Bangladesh" শীর্ষক উচ্চ পর্যায়ের একটি কারিগরী সেশন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট অডিটরিয়ামে অনুষ্ঠিত এই কারিগরী সেশনে বিশিষ্ট বক্তা হিসেবে উপস্থিত ছিলেন নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব এম. মাহমুদ আলী, ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) নীলিমা আখতার, পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব (এনইসি- একনেক ও সমন্বয় অনুবিভাগ) ড. নুরুন নাহার, ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব ফারুক আহমেদ, পরিবেশ অধিদপ্তরের অতিরিক্তি মহাপরিচালক ড. মুঃ সোহরাব আলি, বন অধিদপ্তরের উপপ্রধান বন সংরক্ষক জনাব মোঃ জাহিদুল কবির এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (পরিকল্পনা-১ পরিদপ্তর) ড. রবীন কুমার বিশ্বাস। বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে কারিগরী সেশনটি সঞ্চালনা করেন ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Housing: Leaving No One Behind" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১০.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Housing: Leaving No One Behind" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে দুপুর ২:০০ টায় অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. খন্দকার মোঃ নাহিদুজ্জামান, মিঃ গ্রেগ ম্যাকডোনাল্ড, জনাব মোঃ আশরাফুল ইসলাম এবং জনাব মোঃ আবু সাদেক। খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের অধ্যাপক ড. মোঃ আশিক উর রহমান এর সঞ্চালনায় সেশনে সভাপতিত্ব করেন বিআইপি উপদেষ্টা পরিষদের সদস্য সচিব জনাব সালমা এ. শফী। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Megacities in Transition-Planning Challenges and Opportunities" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১০.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)- এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Megacities in Transition-Planning Challenges and Opportunities" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট অডিটরিয়ামে দুপুর ২:০০ টায় অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নগর পরিকল্পনাবিদ মাহফুজা আক্তার এবং হ্যাবিটেট ফর হিউম্যানিটি ইন্টারন্যাশনাল এর সহযোগী পরিচালক (গ্লোবাল হাউজিং পলিসি) মারিয়া ক্যারিজোসা। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গ্লোবাল ওয়াটার পার্টনারশীপ এর টেকনিক্যাল কমিটির চেয়ারপার্সন জেইহ্যাং সো। নগর উন্নয়ন অধিদপ্তরের সিনিয়র প্ল্যানার জনাব মোঃ মাকসুদ হাসেম এর সঞ্চালনায় সেশনে সভাপতিত্ব করেন পরিকল্পনা পরামর্শক জনাব মোঃ আনিসুর রহমান। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban Governance and Infrastructure Development in Bangladesh- Lessons Learnt, Challenges Faced & Way Forward" শীর্ষক উচ্চপর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত

১০.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban Governance and Infrastructure Development in Bangladesh- Lessons Learnt, Challenges Faced & Way Forward" শীর্ষক উচ্চ পর্যায়ের একটি কারিগরী সেশন অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট অডিটরিয়ামে বিকাল ৪:০০ টায় অনুষ্ঠিত এই কারিগরী সেশনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) প্রকৌ. মোঃ সোহরাব আলী। এছাড়াও বিশেষজ্ঞ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, বাংলাদেশ মিশন এর নগর বিশেষজ্ঞ জনাব অমিত দত্ত রায়, ফ্রান্স ডেভেলপমেন্ট এজেন্সী, বাংলাদেশ কান্ট্রি অফিসের প্রকল্প ব্যবস্থাপক জনাব রাফিউল ইসলাম, খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা

ডিসিপ্লিনের অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন এবং ফরিদপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব শামসুল আলম।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আরবান গভর্নেন্স এন্ড ইনফ্রাস্ট্রাকচার প্রোগ্রাম (ইউজিপ) প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌশলী মোঃ আব্দুল বারেক এর সঞ্চালনায় কারিগরী সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউজিপ প্রকল্পের টিম লীডার জনাব আজাহার আলী এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাবেক অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) প্রকৌশলী আব্দুল গাফফার।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Urban, Regional and Rural Development: Agenda for Reform towards Transition" শীর্ষক উচ্চ পর্যায়ের পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে আয়োজিত তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), সকাল ৯:৩০ টায় "Spatial Planning for Urban, Regional and Rural Development: Agenda for Reform towards Transition" শীর্ষক উচ্চ পর্যায়ের একটি পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত হয়। রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই কারিগরী সেশনে বিশিষ্ট বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনী ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান জনাব বদিউল আলম মজুমদার, স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান ড. তোফায়েল আহমেদ, শ্রম সংস্কার কমিশনের প্রধান জনাব সৈয়দ সুলতান উদ্দীন আহমেদ, টাস্কফোর্স অব রি-স্ট্র্যাটেজাইসিং দ্য ইকোনমি এন্ড মবিলাইজিং রিসোর্সেস ফর ইকুইটেবল এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট এর সদস্য ড. মোঃ শামসুল হক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ এর মহাপরিচালক ড. এ কে এনামুল হক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আনু মুহাম্মদ এবং সংবিধান সংস্কার কমিশনের সদস্য জনাব ফিরোজ আহমেদ। বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে কারিগরী সেশনটি সঞ্চালনা করেন ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Accessible and Pro-People Transportation and Mobility" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Accessible and Pro-People Transportation and Mobility" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের অতিরিক্ত নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রবিউল আলম। সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন উপ নগর পরিকল্পনাবিদ (পরিবহন) জনাব মোঃ মিজানুর রহমান, পরিবহন পরিকল্পনা বিশেষজ্ঞ জনাব মেহরাব গোলামী শাবান্দী, দক্ষিণ কোরিয়ার ইউনিভার্সিটি অব ইউটাহ্ এর সিটি এন্ড মেট্রোপলিটন প্ল্যানিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. রিয়াজুল আহসান এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের অপারেশন বিভাগের পরিচালক (যুগ্মসচিব) জনাব মীর আহমেদ তারিকুল ওমর।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সহ-সভাপতি ২ ড. মো. শফিক-উর রহমানের সঞ্চালনায় সেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. আসিফ উজ জামান খান। উক্ত সেশনে নির্বাচিত ৬ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban Planning and Management: Sustainable, Just and Equitable Cities" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Urban Planning and Management : Sustainable, Just and Equitable Cities" শীর্ষক একটি কারিগরী সেশন অনুষ্ঠিত হয়।

ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর সহযোগিতায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব (পরিকল্পনা বিভাগ) জনাব ইকবাল আব্দুল্লাহ্ হারুন। সেশনে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের অধ্যাপক ড. তানজিল সওগাত।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সভাপতিত্বে ও সঞ্চালনায় সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ড. শাম্মী আক্তার সেতু, চাইল্ড ফোরাম লীডার মোছাঃ সাদিয়া জাহান সুবর্ণা, কমিউনিটি লীডার সালমা আক্তার এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এর সিনিয়র ডিরেক্টর (অপারেশন) জনাব চন্দন জেড. গোমেজ।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে"Safety and Livability in Cities" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Safety and Livability in Cities" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়। রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশেষজ্ঞ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিডনি ওয়াটার কর্পোরেশন, অস্ট্রেলিয়ার স্ট্র্যাটেজিক এ্যানালিস্ট ড. ফয়সাল কবীর শুভ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির এনভায়রনমেন্ট এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. হামিদুল হক, বাংলাদেশ প্রকৌশল বিভাগের পানি সম্পদ প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোঃ সাব্বির মোস্তফা খান এবং ইউনিভার্সিটি অব এশিয়ার প্যাসিফিকের স্থাপত্য বিভাগের অধ্যাপক ড. আবু সাঈদ এম. আহমেদ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ মঞ্জুর মোর্শেদ এর সঞ্চালনায় সেশনে সভাপতিত্ব করেন এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, থাইল্যান্ড এর প্রফেসর ইমেরিটাস ড. এ.টি.এম. নুরুল আমিন। উক্ত সেশনে নির্বাচিত ৬ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Slum Upgrading and Land Regularization: Participatory Pathways to a Just Urban Transition" শীর্ষক উচ্চ পর্যায়ের কারিগরী সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), দুপুর ২:০০ টায় "Slum Upgrading and Land Regularization: Participatory Pathways to a Just Urban Transition" শীর্ষক একটি উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হয়।

হ্যাবিটেট ফর হিউম্যানিটি, বাংলাদেশ এর সহযোগিতায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক

হিসেবে উপস্থিত ছিলেন প্লাটফর্ম ফর কমিউনিটি এ্যাকশন এন্ড আর্কিটেকচার এর স্থপতি মাহমুদা আলম, হ্যাবিটেট ফর হিউম্যানিটি ইন্টার ন্যাশনাল এর সহযোগী পরিচালক (গ্লোবাল হাউজিং পলিসি) মারিয়া ক্যারিজোসা এবং ঢাকার বিভাগীয় কমিশনার জনাব শরফ উদ্দীন আহমেদ চৌধুরী।

হ্যাবিটেট ফর হিউম্যানিটি, বাংলাদেশ এর ন্যাশনাল ডিরেক্টর মি. গ্রেগ ম্যাকডোনাল্ড এর সঞ্চালনায় টেকনিক্যাল সেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "পরিকল্পিত বাংলাদেশ এবং নগর, অঞ্চল ও গ্রামীণ এলাকার বৈষম্যহীন উন্নয়ন: রাজনৈতিক অঙ্গীকার ও আগামীর পথনকশা" শীর্ষক উচ্চপর্যায়ের পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত

১১.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ২য় দিনে (১১ মে ২০২৫), দুপুর ২:০০ টায় দেশের বিভিন্ন রাজনৈতিক দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের অংশগ্রহণে "পরিকল্পিত বাংলাদেশ এবং নগর, অঞ্চল ও গ্রামীণ এলাকার বৈষম্যহীন উন্নয়ন: রাজনৈতিক অঙ্গীকার ও আগামীর পথনকশা" শীর্ষক উচ্চ পর্যায়ের একটি পলিসি রাউন্ড টেবিল সেশন অনুষ্ঠিত হয়। রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াত-ই-ইসলামী এর আমীর ডা. শফিকুর রহমান, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জনাব জোনায়েদ সাকি, আমার বাংলাদেশ (এবি) পার্টির সভাপতি জনাব মুজিবুর রহমান ভূঁইঞা মঞ্জু, নাগরিক ঐক্য ফ্রন্টের আহ্বায়ক জনাব মাহমুদুর রহমান মান্না, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র সিনিয়র যুগ্ম আহ্বায়ক জনাব আরিফুল ইসলাম আদিব, বিপ্লবী ওয়ার্কাস পার্টি, বাংলাদেশ এর সাধারণ সম্পাদক জনাব সাইফুল হক এবং ইসলামী আন্দোলন বাংলাদেশ এর যুগ্ম সাধারণ সম্পাদক প্রকৌশলী আশরাফুল ইসলাম।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান এর সঞ্চালনায় সেশনটি সভাপতিত্ব করেন ইনস্টিটিউট এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Landscape Approach Integrating Water Management for Future-Proof City" শীর্ষক উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) -এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), সকাল ৯:৩০ টায় "Landscape Approach Integrating Water Management for Future-Proof City" শীর্ষক একটি উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে অবস্থিত নেদারল্যান্ডস দূতাবাসের এর সহযোগিতায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই টেকনিক্যাল সেশনে শুভেচ্ছা বক্তব্য রাখেন নেদারল্যান্ডস দূতাবাসের সিনিয়র পলিসি এডভাইজার (IWRM) ড. মোঃ শিবলী সাদিক। সেশনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজধানী

উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ আশরাফুল ইসলাম এবং বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভূমিজ-র সহ-প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ফারহানা রশিদ।

টেকনিক্যাল সেশনে পৃথক পৃথক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন যথাক্রমে IHE, নেদারল্যান্ডস এর কোস্টাল এন্ড আরবান রিস্ক এন্ড রেজিলিয়েন্স বিভাগের অধ্যাপক ড. ক্রিস জেভেনবার্গেন এবং বেঙ্গল ইনস্টিটিউট ফর আর্কিটেকচার, ল্যান্ডস্কেপস এন্ড সেটেলমেন্টস এর মহাপরিচালক অধ্যাপক ড. কাজী খালেদ আশরাফ। নেদারল্যান্ডস দূতাবাসের পানি বিষয়ক বিশেষ প্রতিনিধি নীলৎজে কিলেন এর সঞ্চালনায় টেকনিক্যাল সেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Urban-Peri Urban Agriculture in Changing Climatic Condition" শীর্ষক উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Urban-Peri Urban Agriculture in Changing Climatic Condition" শীর্ষক একটি উচ্চ পর্যায়ের টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হয়।

ব্র্যাক এর সহযোগিতায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই টেকনিক্যাল সেশনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন IHE ডেল্ফট, নেদারল্যান্ডস এর কোস্টাল এন্ড আরবান রিস্ক এন্ড রেজিলিয়েন্স বিভাগের অধ্যাপক ড. ক্রিস জেভেনবার্গেন। টেকনিক্যাল সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক-জলবায়ু পরিবর্তন কর্মসূচীর কর্মসূচী প্রধান জনাব আবু সাদাত মনিরুজ্জামান খান। সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বন-২) ড. মোঃ সাইফুর রহমান, পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চলের পরিচালক (জলবায়ু পরিবর্তন এন্ড আন্তর্জাতিক সম্মেলন) জনাব মীর্জা সাখাওয়াত আলী এবং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ এর পরিবেশ বিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ও ICCCAD এর ইনচার্জ ড. মোঃ হাফিজুর রহমান। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন) এবং ইউএনডিপি, বাংলাদেশ এর জিআইএস ও এমআইএস বিষয়ক জাতীয় পরামর্শক পরিকল্পনাবিদ হোসনে আরার সঞ্চালনায় টেকনিক্যাল সেশনে সভাপতিত্ব করেন স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং বায়ুমন্ডলীয় দূষণ অধ্যয়ন কেন্দ্র (CAPS) এর প্রতিষ্ঠাতা পরিচালক ড. আহমেদ কামরুজ্জামান মজুমদার।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Climate Change and Ecosystem Service" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে শুরু হওয়া বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Climate Change and Ecosystem Service" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের প্রশাসক জনাব মোঃ ফিরোজ সরকার। সেশনে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন সিটি অব অসলো, নরওয়ের জলবায়ু সংস্থার জলবায়ু পরিবর্তন অভিযোজন বিষয়ক উপদেষ্টা লিন মেরি হাইমবার্গ। প্যারালাল সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন উট্রেখ্ট ইউনিভার্সিটি, নেদারল্যান্ডস এর ক্লাইমেট চেইঞ্জ এন্ড ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগে সহযোগী অধ্যাপক ড. বিশ্বজিৎ মল্লিক, সেন্টার ফর এনভায়রনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS) এর প্রিন্সিপাল স্পেশালিস্ট ড. ফারহানা আহমেদ এবং খুলনা সিটি কর্পোরেশনের প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব আবির-উল-জব্বার।

খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের অধ্যাপক ড. জাকির হোসেন এর সঞ্চালনায় প্যারালাল সেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ড. ইশরাত ইসলাম। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Rethinking Planning and Governance: National to Local" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), সকাল ১১:৩০ টায় "Rethinking Planning and Governance: National to Local" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি এবং অফিস প্রধান ড. সুজান ভাইজ, ঢাকায় অবস্থিত সুইডেন দূতাবাসের ফার্স্ট সেক্রেটারী (পরিবেশ ও জলবায়ু) এবং কো-অপারেশন উপ-প্রধান নায়োকা মার্টিনেজ বাকস্ট্রোম এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর পরিবেশ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগে সহকারী অধ্যাপক ড. সাইফুল মোমেন। পরিবেশ অধিদপ্তরের স্থানিক পরিকল্পনা এবং বাস্তুতন্ত্র সংরক্ষণ বিশেষজ্ঞ পরিকল্পনাবিদ এ কে এম রিয়াজ উদ্দীন এর সঞ্চালনায় প্যারালাল সেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Spatial Planning for Regional, Special and Local Areas" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), দুপুর ২:০০ টায় "Spatial Planning for Regional, Special and Local Areas" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীন পরিকল্পনা ডিসিপ্লিনের অধ্যাপক ড. কাজী সাইফুল ইসলাম, যুক্তরাজ্যের এ্যাস্টন বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড সাসটেইনেবল ইঞ্জিনিয়ারিং এর প্রোগ্রাম ডিরেক্টর (বিএসসি ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট) ড. সোহেল আমিন এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আশরাফুজ্জামান প্রামাণিক।

খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও গ্রামীন পরিকল্পনা ডিসিপ্লিনের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ শরিফুল ইসলামের সঞ্চালনায় প্যারালাল সেশনে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে অবসরপ্রাপ্ত অধ্যাপক এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সাবেক সভাপতি পরিকল্পনাবিদ ড. এ কে এম আবুল কালাম। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনে "Equity and Inclusion for Development and Community Engagement" শীর্ষক প্যারালাল সেশন অনুষ্ঠিত

১২.০৫.২০২৫

বিগত ১০ মে ২০২৫ তারিখে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর উদ্যোগে শুরু হওয়া তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের ৩য় দিনে (১২ মে ২০২৫), দুপুর ২:০০ টায় "Equity and Inclusion for Development and Community Engagement" শীর্ষক একটি প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়।

রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত এই সেশনে বিশিষ্ট আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব ফিলিপাইনস এর ডেভেলপমেন্ট স্টাডিজ এন্ড এগ্রোটুরিজম এর সহকারী অধ্যাপক চার্মিলিন সি. সাই, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে অধ্যাপক এবং বিভাগীয় সভাপতি ড. আনিসা নূরী কাকন এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ড. শাকিল আক্তার।

ব্রাক ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থাপত্য বিভাগের সিনিয়র প্রভাষক জনাব তাসফিন আজিজ হিমেল এর সঞ্চালনায় প্যারালাল সেশনে সভাপতিত্ব করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। উক্ত সেশনে নির্বাচিত ৫ টি থিমেটিক পেপার স্ব স্ব গবেষক কর্তৃক উপস্থাপিত হয়।

বিআইপির নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনো আনুষ্ঠানিক সমাপণী

১২.০৫.২০২৫

ঢাকা ডিকলারেশনের মাধ্যমে বিগত ১০ মে ২০২৫ তারিখ থেকে শুরু হওয়া বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর তিন দিনব্যপী নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ক ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের সমাপণী অনুষ্ঠান ১২ মে ২০২৫ (সোমবার), বিকাল ৪:০০ টায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। "Spatial Planning for Just Transition in Bangladesh" প্রতিপাদ্য নিয়ে শুরু হওয়া সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

সমাপনী অনুষ্ঠানে বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসানের সঞ্চালনায় ঢাকা ডিকলারেশন তুলে ধরেন ইনস্টিটিউটের সহ-সভাপতি পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন।

ঢাকা ডিকলারেশনের ১৩ টি পয়েন্টের মধ্যে রয়েছে, রাজনৈতিক এজেন্ডায় স্থানিক পরিকল্পনার অন্তর্ভুক্তি; জাতীয় স্থানিক পরিকল্পনা কাঠামোর প্রাতিষ্ঠানিকীকরণ; ন্যায়সঙ্গত রূপান্তরের নীতি প্রোমোশোন; ভূমি, পানি এবং সক্রিয় ব-দ্বীপ ব্যবস্থাপনা; প্রতিবেশ অর্থনীতি ও সমাজের ভারসাম্য রক্ষা; প্রকৃতি ও জীববৈচিত্র্যের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন; প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদার করন; ক্ষমতা ও সম্পদের বিকেন্দ্রীকরণ; সকলের জন্য বসতির ন্যায্যতা; জ্ঞান ও উপাত্ত ভিত্তিক পরিকল্পনা; একটি স্থানিক পরিকল্পনা সংস্থা প্রতিষ্ঠা প্রমুখ।

সমাপণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, বেসরকারি গবেষণা সংস্থা পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টারের (পিপিআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান, সেন্টার ফর আরবান স্টাডিজ এর চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম এবং বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডস দূতাবাসের ডেপুটি হেড অব মিশন থিজ উডস্ট্রা।

বিআইপির ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে দেশে পরিকল্পনা শিক্ষার পথিকৃৎ ও বিআইপির প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. গোলাম রহমান এবং দেশের প্রথম গ্র্যাজুয়েট পরিকল্পনাবিদ অধ্যাপক ড. এ এস এম মাহবুব উন নবীকে ইনস্টিটিটের পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা স্মারক' প্রদান

করা হয়। একইসাথে, পরিকল্পনা পেশার অগ্রগতিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ এমিরেটাস অধ্যাপক এটিএম নুরুল আমিন এবং এমিরেটাস অধ্যাপক সেলিম রশিদকে বিআইপির সাম্মানিক সদস্যপদ প্রদান করা হয়।

বিআইপির এবারের সম্মেলনে সবমিলিয়ে অন্তত ৬০ টি প্রবন্ধ উপস্থাপন করেন দেশী-বিদেশী পরিকল্পনাবিদ, গবেষক এবং পেশাজীবীবৃন্দ। আমেরিকা, অস্ট্রেলিয়া, জার্মানী, ইরান, নেদারল্যান্ডস, নরওয়ে, সুইডেনসহ অন্তত ১৫ টি দেশের প্রায় অর্ধশতাধিক বিদেশী প্রতিনিধি এই সম্মেলনের বিভিন্ন সেশনে অংশগ্রহন করেন।

বিআইপির উদ্যোগে “Comprehensive Traffic Modelling” শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

১৬.০৫.২০২৫

বিগত ১৬ মে ২০২৫, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) -এর ‘পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচি’র আওতায় “Comprehensive Traffic Modelling” শীর্ষক একটি অনলাইন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি পরিচালনা করেন পিটিভি গ্রুপের ট্রাফিক মডেলার ও VISSIM বিশেষজ্ঞ পরিকল্পনাবিদ ড. মোঃ সাখাওয়াত হোসেন। পুরো আয়োজনটি তত্ত্বাবধান করেন বিআইপির বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি।



কর্মশালায় বিআইপির সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান, বোর্ড সদস্য (রিসার্চ অ্যান্ড পাবলিকেশন) পরিকল্পনাবিদ হোসনে আরা এবং বোর্ড সদস্য (মেম্বারশীপ অ্যাফেয়ার্স) পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন, যা আয়োজনে বিশেষমাত্রা যোগ করে।

কর্মশালায় মোট ২০ জন পেশাদার পরিকল্পনাবিদ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। তারা "Traffic Modelling" -এর বিভিন্ন অত্যাধুনিক বিষয় যেমন - ভিসিম (VISSIM)-এ জ্যামিতি তৈরি, গতি প্রোফাইল কনফিগার করা, স্ট্যাটিক ডিমান্ড যুক্ত করা, স্টপ নিয়ন্ত্রিত এবং সংকেত নিয়ন্ত্রিত ইন্টারসেকশন মডেলিং, পরিস্থিতি ব্যবস্থাপনা, গণপরিবহন যানবাহন কনফিগার করা, বাস স্টপ স্থাপন, যাত্রী চাহিদা নির্ধারণ, রুটের নকশা এবং সময়সূচী তৈরি করা ইত্যাদি বিষয় জ্ঞান লাভ করেন। সমাপনী বক্তব্যে বিআইপির সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান আশাবাদ ব্যক্ত করেন, এই প্রশিক্ষণ কর্মশালা পেশাজীবীদের কর্মক্ষেত্রে ট্রাফিক মডেলিংয়ের প্রয়োগে নতুন দিগন্ত উন্মোচন করবে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের সাথে বিআইপি প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

২১.০৫.২০২৫

বিগত ২১ মে ২০২৫, বুধবার বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স (বিআইপি)-এর একটি প্রতিনিধিদল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া-র সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাতে সারা দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহে পরিকল্পনা কাঠামো বাস্তবায়ন ও পরিকল্পনাবিদদের নিয়োগ, স্থানিক পরিকল্পনা কাঠামো বাস্তবায়ন এবং মন্ত্রণালয়ের সাথে পরিকল্পনা সংশ্লিষ্ট বিষয়ে কাজের আলোচনা করা হয়। এছাড়াও পৌরসভা সমূহে শুন্যপদে নগর পরিকল্পনাবিদ নিয়োগের ব্যাপারে অনুরোধ করা হয় এবং উপদেষ্টা মহোদয় এ বিষয়ে দ্রুত উদ্যোগ নেয়ার ব্যাপারে আশ্বাস প্রদান করেন।

এসময় বিআইপির পক্ষ থেকে উপদেষ্টা মহোদয়ের হাতে বিআইপি প্রণীত ‘বাংলাদেশের স্থানিক পরিকল্পনা কাঠামো’ শীর্ষক প্রকাশনা ও সম্মাননা স্মারক তুলে দেয়া হয়।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউটবাংলাদেশ (পিএমআই) বাংলাদেশ চ্যাপ্টার) এর যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী "Project Management for Planning Professionals" শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

৩১.০৫.২০২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)-এর ‘পেশাগত দক্ষতা উন্নয়ন কর্মসূচী’র আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এবং প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট বাংলাদেশ (পিএমআই বাংলাদেশ চ্যাপ্টার) এর যৌথ উদ্যোগে ২৯-৩১ মে, ২০২৫ তারিখ তিন দিনব্যাপী Project Management for Planning Professionals শীর্ষক পেশাজীবী প্রশিক্ষণ কর্মশালা বিআইপি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বিগত ২৯ মে ২০২৫ তারিখে প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআইপির সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান এবং সহ-সভাপতি ২ পরিকল্পনাবিদ অধ্যাপক ড. মো. শফিক-উর রহমান।

বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স) পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশির তত্ত্বাবধানে মোঃ মোস্তা গাওসুল, পিএমপি, সচিব (অবসরপ্রাপ্ত), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মোঃ শুক্কুর আলী, পিএমপি, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ডঃ খুরশিদ আলমেহের, পিএমপি, সিইও, কিমন্টো অ্যান্ড পার্টনার্স এবং আহমেদ জাফর সাদেক ভূঁইয়া পিএমপি, ডিএএসএসএম, আইসিপি-এসিসি, সিএএল ১, সিএসপি, সিএসপিও, সিএসএম, এসএস, এসপিএস, সেইফ ৪ অ্যাজিলিস্ট প্রধান রিসোর্স পার্সন হিসেবে প্রশিক্ষণটি পরিচালনা করেন।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় নগর পরিকল্পনাবিদসহ অন্যান্য পেশাজীবী সদস্যগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান প্রশিক্ষণার্থীদের হাতে প্রশিক্ষণ সনদ তুলে দেন। সনদ প্রদান অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বোর্ড সদস্য পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি এবং পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন উপস্থিত ছিলেন।

“সম্পাদনা নীতিমালা ও কার্যপ্রবাহ শক্তিশালীকরণ” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

২৩.০৬.২০২৫

বিগত ২৩ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস (BAS) কর্তৃক আয়োজিত একটি কর্মশালা অনুষ্ঠিত হয়, যার শিরোনাম ছিল: “সম্পাদনা নীতিমালা ও কার্যপ্রবাহ শক্তিশালীকরণ”। এই কর্মশালাটি বাংলাদেশ জার্নালস অনলাইন (BanglaJOL) কর্মসূচির অধীনে, BAS-এর উদ্যোগে আয়োজন করা হয়।এই কর্মশালাটি মূলত সম্পাদক, টেকনিক্যাল/ম্যানেজিং সম্পাদক এবং আইটি সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য পরিকল্পিত ছিল, যারা BanglaJOL-এ হোস্টকৃত জার্নালসমূহের সম্পাদকীয় বোর্ডকে সহায়তা প্রদান এবং সম্পাদনা সংক্রান্ত নির্দেশনা ও কার্যপ্রবাহ ব্যবস্থাপনায় যুক্ত। এই কর্মশালার উদ্দেশ্য ছিল অংশগ্রহণকারী সম্পাদকদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে তাদের পেশাগত মানোন্নয়ন।

কর্মশালাটি তিনটি মূল মডিউলের ওপর ভিত্তি করে অনুষ্ঠিত হয়:

- BanglaJOL ব্যবস্থাপনা: ব্যবহারিক সমস্যা ও সমাধান
- রিভিউ প্রক্রিয়ায় সঠিক চর্চাসমূহ
- সম্পাদকীয় দায়িত্ব ও নৈতিকতা

Journal of Bangladesh Institute of Planners (JBIP) এর নির্বাহী সম্পাদক হিসেবে পরিকল্পনাবিদ হোসনে আরা কর্মশালায় অংশগ্রহণ করেন এবং অংশগ্রহণকারীদের সঙ্গে জার্নাল ব্যবস্থাপনা সংক্রান্ত অভিজ্ঞতা বিনিময় করেন। JBIP জার্নালের গুণগত মান উন্নয়ন, ইনডেক্সিং এবং ইম্প্যাক্ট ফ্যাক্টর বৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। এই কর্মশালার অভিজ্ঞতা সেই প্রচেষ্টাকে আরও সমৃদ্ধ করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বিআইপি Student Chapter পরিচিতি



বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)
১৬ তম কার্যনির্বাহী পরিষদ (২০২৪-২০২৫)

পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান
সভাপতি

পরিকল্পনাবিদ সৈয়দ শাহরিয়ার আমিন
ভাইস প্রেসিডেন্ট-১

পরিকল্পনাবিদ ড. মো. শফিক-উর রহমান
ভাইস প্রেসিডেন্ট-২

পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান
সাধারণ সম্পাদক

পরিকল্পনাবিদ তামজিদুল ইসলাম
যুগ্ম সম্পাদক

পরিকল্পনাবিদ ড. মুঃ মোসলেহ উদ্দীন হাসান
কোষাধ্যক্ষ

পরিকল্পনাবিদ তামান্না বিনতে রহমান
বোর্ড সদস্য (প্রফেশনাল এফেয়ার্স)

পরিকল্পনাবিদ উসওয়াতুন মাহেরা খুশি
বোর্ড সদস্য (একাডেমিক এফেয়ার্স)

পরিকল্পনাবিদ হোসনে আরা
বোর্ড সদস্য (রিসার্চ এন্ড পাবলিকেশন)

পরিকল্পনাবিদ মোঃ আবু নাইম সোহাগ
বোর্ড সদস্য (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো)

পরিকল্পনাবিদ মোঃ ফাহিম আবেদীন
বোর্ড সদস্য (মেম্বারশীপ এফেয়ার্স)

পরিকল্পনাবিদ ড. মুহাম্মদ রাশিদুল হাসান
চেয়ারম্যান (চট্টগ্রাম চ্যাপ্টার)

পরিকল্পনাবিদ আবির-উল-জব্বার
চেয়ারম্যান (খুলনা চ্যাপ্টার)

পরিকল্লাবিদ ড. মোঃ আব্দুল ওয়াকিল
চেয়ারম্যান (রাজশাহী চ্যাপ্টার)

মিডিয়া কাভারেজ

তারিখ	বিষয়	লিংক
২৬ জানুয়ারি ২০২৫	'হাতিরঝিল ও পান্থকুঞ্জ ধ্বংস করে এফডিসি থেকে পলাশী পর্যন্ত প্রকৃতি বিধ্বংসী ও জনবিরোধী এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের সংযোগ সড়ক বাতিলেরদাবিতে আয়োজিত নাগরিক সংলাপ'	https://www.prothomalo.com https://www.banglatribune.com https://www.ajkerpatrika.com https://www.dhakapost.com https://www.ajkerpatrika.com https://youtu.be/V9PazntD9lA?si=4O59nR1i51QFGU9M https://www.ajkerpatrika.com https://digitalsomoy.com https://ovijatra.com https://inews.zoombangla.com
১৮ মার্চ ২০২৫	গোষ্ঠীস্বার্থে বারবার ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত নির্মাণ বিধিমালার পরিবর্তনঃ জনস্বার্থ, ও বাসযোগ্যতার বিপন্নতা এবং নাগরিকের করণীয় শীর্ষক 'সংবাদ সম্মেলন' অনুষ্ঠিত	https://www.deshrupantor.com https://www.tbsnews.net https://www.tbsnews.net https://bonikbarta.com https://www.jugantor.com https://www.jagonews24.com https://www.bd24live.com https://www.ajkerpatrika.com https://dailyamardesh.com https://unb.com.bd https://www.msprotidin.com https://www.kalbela.com
১৩ এপ্রিল ২০২৫	"বাংলাদেশে স্থানিক পরিকল্পনার চর্চা এবং করণীয়" বিষয়ক সেমিনার এবং পরিকল্পনা পেশায় অর্জনের স্বীকৃতিস্বরূপ নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক-কে বিআইপির পক্ষ থেকে 'বিশেষ সম্মাননা' প্রদান অনুষ্ঠান	https://samakal.com https://www.womeneye24.com

বি.আই.পি

নিউজলেটার

প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭)
১৩/এ বীর উত্তম সি আর দত্ত (সোনারগাঁও) রোড
বাংলামটর, ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল ঃ +৮৮০১৮৬২ ২৬৭৬২৪
ই-মেইল ঃ bipinfo@bip.org.bd

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)
BANGLADESH INSTITUTE OF PLANNERS (BIP)
bipinfo Bip2013a bangladeshinstituteofplanners